

Total number of printed pages-7.

63 (FY)SEM-3/MIN/BENMIN2014

2024

BENGALI

Paper : BENMIN2014

(Eighteenth Century Selected Text-1)

Full Marks : 70

Pass Marks : 28

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো :

১×১০=১০

(ক) মলয়ার পিতার নাম কী?

(i) বিনোদ

(ii) ছমরা

(iii) হীরাধর

(iv) সুজন

Contd.

(খ) হুমরা বেদের ছোটো ভাইয়ের নাম কী?

(i) গর্গ

(ii) মাইনকা

(iii) সুজন খেলোয়ার

(iv) ধনেশ্বর

(গ) মলুয়ার কয়জন ভাই ছিলো?

(i) ৫ জন

(ii) ৭ জন

(iii) ৪ জন

(iv) ৯ জন

(ঘ) চন্দ্রাবতীর পিতা কে?

(i) জয়ানন্দ

(ii) বংশীরাম

(iii) দ্বিজ মাধব

(iv) বংশীদাস

(ঙ) 'বাইদ্যার তামসা করাইতে — টেকা লাগে'

(শূন্যস্থান পূরণ করো)

(i) পঞ্চাশ

(ii) একশ

(iii) আশি

(iv) নব্বই

(চ) চিতোরের রাজার নাম কী?

(i) কঙ্কসেন

(ii) বিনোদ

(iii) রত্নসেন

(iv) ধনপতি

(ছ) গঙ্ঘর্ষ সেন কোন্ দেশের রাজা ছিলেন?

(i) সিংহল

(ii) চিতোর

(iii) অযোধ্যা

(iv) দিল্লী

(জ) পদ্মাবতীর মায়ের নাম কী?

(i) চম্পাবতী

(ii) নাগমতি

(iii) লীলাবতী

(iv) সত্যবতী

(ঝ) পদ্মাবতী কোন্ দিন রত্নসেনকে সর্বপ্রথম দেখেন?

(i) মহাপঞ্চমীর দিন

(ii) নাগপঞ্চমীর দিন

(iii) ঋষিপঞ্চমীর দিন

(iv) বসন্তপঞ্চমীর দিন

(ঞ) গর্গের মেয়ের নাম কী?

(i) কাজলরেখা

(ii) লীলা

(iii) পালঙ্ক

(iv) কমলা

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি) ২×৫=১০

(ক) “পুত্রহীনা পুত্র পাইল মাতা মাতৃহীনে।”

—কাদের প্রসঙ্গে একথা বলা হয়েছে?

(খ) অর্থ লেখো : আটখুর, চুকা।

(গ) দস্যু কেনারামের পিতা-মাতার নাম লেখো।

(ঘ) “আমি যদি হইতাম কুড়া থাকতাম তার মনে।

তার সঙ্গে থাক্যা আমি ঘুরতাম বনে বনে।”

— কে কার সঙ্গে বনে বনে ঘুরে বেড়াতে চেয়েছে?

(ঙ) সৈয়দ আলাওলের ‘পদ্মাবতী’ কাব্যটি কোন্ মূলকাব্য থেকে অনুবাদ করা হয়েছে এবং মূলকাব্যটির রচয়িতার নাম কী?

(চ) “তোমার বিচ্ছেদে মোর না রহিবে প্রাণ।

নিজ হস্তে মারি মোরে দেও মৃত্যু দান।”

— বক্তা কে ও কার উদ্দেশ্যে একথা বলেছে?

(ছ) “সজল নয়নে রাজা কন্যা সমর্পিল।

বলে ‘মোর প্রাণ আজু তোমা হস্তে দিল।।...”

— কোন্ রাজা কার হাতে নিজের কন্যাকে সমর্পণ করলেন?

৩। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৬ = ৩০$

- (ক) “শুন শুন ঠাকুর মশায় বলি যে তোমারে।
নতুন একদল বাইদ্যা আইছে তামসা দেখাইবারে।।”
– নদেরচাঁদের বাড়িতে বেদে দলের ‘তামসা’র দৃশ্যটির বর্ণনা করো।
- (খ) ঢীকা লেখো – নেতাই কুটুনি অথবা ‘কাজী’।
- (গ) ‘পালঙ্ক সই’ চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) ‘মলুয়া’ পালায় মলুয়ার বাড়িতে চাঁদ বিনোদের অভ্যর্থনার বিষয়টি বর্ণনা করো।
- (ঙ) ‘দস্যু কেনারামের পালা’ অবলম্বনে কেনারামের জীবন পরিবর্তনের বিষয়টি আলোচনা করো।
- (চ) “মাঘ মাসে করমি আইল হীরাধরের বাড়ী।
একে একে দেখে বাপে সম্বন্ধ বিচারি।।”
– মলুয়ার বিয়ের জন্য ঘটক (‘করমি’) যে কজন পাত্রের সম্বন্ধ হীরাধরের কাছে এনেছিল তাদের বিষয়ে আলোচনা করো।
- (ছ) “শুনিয়া কন্যার রূপ নূপ উল্লসিত।
প্রেমভাবে শরীর হইল পুলকিত।।”
– প্রসঙ্গ নির্দেশ করে রাজার উল্লসিত হওয়ার কারণ ব্যাখ্যা করো।

(জ) “জম্বুদ্বীপ মধ্যে তুমি চক্রবর্তী রাজ।
রহিলা শ্বশুর গৃহে কত বড় লাজ।।”
– সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(ঝ) “এহিমতে রত্নসেন পদ্মাবতী পাশে।
ষট্ ঋতু নির্বাহিল নানা ভোগ রসে।।”
– রত্নসেন পদ্মাবতীকে নিয়ে এক বছর সময় কিভাবে পার করল তা সংক্ষেপে লেখো।

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- (ক) “চন্দ্রাবতী” পালার নায়ক চরিত্র হিসেবে জয়ানন্দের সার্থকতা বিচার করো।
- (খ) ‘মৈমনসিংহ গীতিকা’র লীলা চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) “কান্দি কান্দি রমণী গোঁয়াএ বারমাস।
কান্ত বিনে শান্ত নহে বিরহ ছতশ।।”
– ‘রমণী’ নাগমতির বারমাসের বিরহ যন্ত্রণার বিষয়টি আলোচনা করো।
- (ঘ) ‘দেশ যাত্রা খণ্ডে’ রত্নসেন সমুদ্র যাত্রাকালে যে বিপদের সম্মুখীন হয়েছিল তা তোমার নিজের ভাষায় লেখো।